Times Today BD

মো. নাঈম | দেশজুড়ে | 28 April, 2025

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় পূর্ব শত্রুতার জেরে গোলাম রাব্বি হাওলাদার (১৯) নামে এক দাখিল পরীক্ষার্থীকে কুপিয়ে গুরুতর জখম করেছে দুর্বৃত্তরা। রোববার (২৭ এপ্রিল) দুপুরের দিকে উপজেলার ১নং চেঁচরী রামপুর ইউনিয়নের উত্তর চেঁচরী গ্রামে এ হামলার ঘটনা ঘটে। গুরুতর অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে পার্শ্ববর্তী ভান্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

পরিবার সূত্রে জানা গেছে, গোলাম রাব্বি হাওলাদার উত্তর চেঁচরী এমএ খালেক দাখিল মাদ্রাসার দাখিল পরীক্ষার্থী।রোববার সকালে কাঠালিয়া সদর সিনিয়র ফাযিল মাদ্রাসা কেন্দ্র থেকে ইংরেজি প্রথমপত্রের পরীক্ষা শেষে বাড়ি ফিরছিলেন তিনি। ফেরার পথে অটোরিকশাযোগে উত্তর চেঁচরী গ্রামের বালির খালের ব্রিজ এলাকায় পৌঁছালে, ওঁত পেতে থাকা ২০-২৫ জন দুর্বৃত্ত তার গতিরোধ করে।এ সময় তারা রাব্বিকে অটো থেকে জোরপূর্বক নামিয়ে পিটিয়ে ও ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে রক্তাক্ত করে ফেলে রেখে যায়। পরে স্থানীয়রা এগিয়ে এসে তাকে উদ্ধার করে প্রথমে ভান্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।সেখানে তার শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য বরিশালে পাঠানোর প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন চিকিৎসকরা।

আহতের বড় ভাই মো. আবদুর রহিম অভিযোগ করে বলেন, "পূর্ব শত্রুতার জেরে পরিকল্পিতভাবে আমার ছোট ভাইয়ের ওপর এই হামলা চালানো হয়েছে। হামলাকারীরা পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার তেওয়ারীপুর ও গৌরিপুর গ্রামের বাসিন্দা।আমরা

দ্রুত আইনের আশ্রয় নেব।'

এ বিষয়ে উত্তর চেঁচরী এমএ খালেক দাখিল মাদ্রাসার সুপার মো. খলিলুর রহমান বলেন, "পরীক্ষাকেন্দ্র থেকে ফেরার পথে একজন পরীক্ষার্থীর ওপর এমন নির্মম হামলা অত্যন্ত নিন্দনীয়।এতে তার পরবর্তী পরীক্ষায় অংশ নেওয়া অনিশ্চিত হয়ে পড়েছে।'

এদিকে কাঁঠালিয়া থানার ওসি (তদন্ত) হারান চন্দ্র জানান, এখন পর্যন্ত কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে দ্রুত তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এ ঘটনায় উত্তর চেঁচরীসহ আশপাশের এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে।প্রশাসনের পক্ষ থেকে পরিস্থিতি শান্ত রাখতে অতিরিক্ত নজরদারি বাড়ানো হয়েছে বলে জানা গেছে।

পরীক্ষার্থী ঝালকাঠি দুর্বৃত্ত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:36

URL: https://www.timestodaybd.com/across-the-country/1564292324